দৈনিক ইত্তেফাক

তারিখ ...18 SEP 1998 ...
পৃষ্ঠা ৬ কলাম ...৫.....

# ৪৮১ জন ছাত্র-ছাত্রীর জন্য একজন মাত্র শিক্ষক

হবিগঞ্জ জেলার মাধবপুর থানাধীন ১১ নম্বর বাঘাসুরা ইউনিয়নের ৮৮ নম্বর কালিকাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পূর্বে শিক্ষকের পদ ছিল ৫টি। ১৯৯৩ সালে বিদ্যালয় কর্তৃপক্ষের অজ্ঞাতসারে ১টি পদ কমাইয়া ৪টি করা হয়। '৯২ সালে দুইজন শিক্ষকের মৃত্যু হয় এবং একজন অবসর গ্রহণ করেন। তাহার উপর প্রায় পাঁচ বৎসর যাবৎ প্রধান শিক্ষকের পদটি শূন্য। অনেক চেষ্টার ফলে বিদ্যালয়টি তিন জন সহকারী শিক্ষক-শিক্ষিকার দ্বারা পরিচালিত হইত। একজন শিক্ষিকা গত জুন মাসে তিনদিনের ছুটি নিয়া অদ্যাবধি বিদ্যালয়ে যোগদান করেন নাই। এ ব্যাপারে থানা শিক্ষা অফিসারকে জানানো হইয়াছে। তাহার পরও শিক্ষা অফিসার এখানকার দুইজন শিক্ষকের মধ্যে একজন অস্থায়ী ভিত্তিতে দক্ষিণ বেজুড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বদলি করিয়াছেন, যাহা পানিতে নিমগ্ন থাকায় অনেকদিন যাবৎ বন্ধ। অথচ কালিকাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৪৮১ জন ছাত্র-ছাত্রীসহ শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী রহিয়াছে। বর্তমানে শুধুমাত্র একজন সহকারী শিক্ষক দ্বারা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন সম্ভব। এমতাবস্থায়, অত্র বিদ্যালয়ে শিক্ষাদান প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ লুৎফুর রহমান রুবেল,
ডাক ঃ বাঘাসুরা,
থানা ঃ মাধবপুর,
জেলা ঃ হবিগঞ্জ।